জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

গাজীপুর।

স্মারক নং-(০-৫) জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/মিউজিক/২০১৮/১১৬/ ৪২০৩ তারিখঃ ০৮/০৬/২০২২

২০২০ সালের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি :

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক পাঠদানকারী কলেজ/প্রতিষ্ঠান সমূহের অধ্যক্ষ/পরিচালক এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০ সালের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরম পূরণ, ফি জমাদানের তারিখ ও নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো।

১। পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম পূরণ ও জমাদানের তারিখ ঃ

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ ঃ ০৯/০৬/২০২২ হতে ২৫/০৬/২০২২ পর্যন্ত

খ) শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ ঃ ২৬/০৬/২০২২

গ) শিক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক) ঃ ২৭/০৬/২০২২ থেকে ২৮/০৬/২০২২ পর্যন্ত

ঘ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক) ঃ ২৯/০৬/২০২২

ঙ) **Pay Slip, ফি বিবরণী, শিক্ষার্থী বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় দেয়ার তারিখ** ঃ ৩০/০৬/২০২২

২। পরীক্ষার ফি (পরীক্ষার্থী প্রতি) ঃ

ক) নিয়মিত/অনিয়মিত/ মানোন্নয়ন পরীক্ষার্থী (প্রতিপত্র) ঃ ৫০০/-

খ) কেন্দ্র ফি ঃ ৫০০/-(বিশ্ববিদ্যালয়ে জমা হবে না)

গ) ব্যবহারিক ও মৌখিক (প্রতিপত্র) ঃ ৫০০/- (বিশ্ববিদ্যালয়ে জমা হবে)

ঘ) কেন্দ্র ফি (ব্যবহরিক) ঃ ৩০০/-(সংশ্লিষ্ট কলেজে জমা হবে)

ঙ) বিশেষ অর্ন্তভূক্তি ফি ঃ ৫০০/- প্রতি পরীক্ষার্থী (মানোন্নয়ন/অনিয়মিত/গ্রেড উন্নয়ন শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)

৩। পরীক্ষায় যারা অংশগ্রহণ করতে পারবে :

পরীক্ষার নাম	শিক্ষাবর্ষ		শর্তাবলী
	নিয়মিত	অনিয়মিত/মানোন্নয়ন	
পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক পরীক্ষা-২০২০	২০১৯-২০২০	২০১৮-২০১৯ ও ২০১৭-২০১৮	১। উক্ত শিক্ষাবর্ষের বাহিরে কোন পরীক্ষার্থী আবেদন ফরম পুরণ করতে পারবে না। ২। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের পরীক্ষায় C' গ্রেড'D'গ্রেড প্রাপ্ত পরীক্ষার্থীরা একবার মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং একবারের বেশি মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে না। তবে অনুপস্থিত (NA)বা অকৃতকার্য ('F' গ্রেড প্রাপ্ত) পরীক্ষার্থীরা সর্বোচ্চ ০২ (দুই) বার পরীক্ষা দিতে পারবে। ৩। ২০১৮ সালের পরীক্ষায় অনুপস্থিত (NA) বা অকৃতকার্য ('F') গ্রেড প্রাপ্ত পরীক্ষার্থীগণ এবছরই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০১৭-২০১৮ শিক্ষা বর্ষের পরীক্ষার্থীগণ পরবর্তীতে আর কোন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

৪। আবেদন ফরম সংগ্রহ :

পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক পরীক্ষার আবেদন ফরমের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd) থেকে ডাউনলোড করতে হবে। পরীক্ষার্থী নিজে অথবা কলেজ/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে প্রিন্ট করে বা প্রিন্টকৃত কপি ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থীকে আবেদন ফরম পূরণ করার পর নির্ধারিত ফি জমা দিয়ে ইনস্টিটিউট/কলেজের সংশ্লিষ্ট বিভাগে ফরম জমা দিতে হবে।

৫। পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যসূচী :

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক কোর্সের সংশোধিত রেগুলেশন এবং পাঠ্যসূচী অনুযায়ী উপরিউক্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৬। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) :

ক) পরীক্ষার্থীরা আবেদন ফরম (পরীক্ষার্থীর অংশ) স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। আবেদন পত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।

খ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে পরীক্ষা কোড- ৮৯০৬ লিখতে হবে। পরীক্ষা কোড লিখতে কোন প্রকার ভুল হলে পূনরায় সঠিকভাবে লিখতে হবে।

গ) ফরম পূরণে ভুলের কারণে পরীক্ষার্থীর প্রবেশপত্র ভুল হলে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে পরীক্ষার পূর্বেই প্রবেশপত্র সংশোধন করে নিতে হবে। এক্ষেত্রে মূল প্রবেশপত্রের সাথে বিবরণীর ফটোকপি জমা দিতে হবে।

ঘ) প্রত্যেক পরীক্ষার্থীকে সম্প্রতি তোলা ০১ (এক) কপি পাসপোর্ট আকারের ছবি (কলেজ/প্রতিষ্ঠানের অধ্যক্ষ/পরিচালক কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

ঙ) অসম্পূর্ণ আবেদন ফরম কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করা হবে।

৭। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (কলেজের জন্য) :

ক) যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটা **Online**-এ রক্ষিত আছে। যদি কোন বৈধ পরীক্ষার্থীর ডাটা সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থীর কাগজপত্র যাচাই করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় ০১৭৩০৭৯৫৮৯০ ফোন নম্বরে

সরাসরি উপস্থিত ১২/০৬/২০২২ তারিখের মধ্যে জানাতে হবে। বর্ণিত তথ্য সঠিক হলে বিশ্ববিদ্যালয় তা Online-এ রক্ষিত ডাটা-এর সঙ্গে সংযোজন করবে। Online-এ ডাটা এন্ট্রি ব্যতিত কোন ভাবেই পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

খ) আবেদন ফরম সঠিকভাবে পূরণ করেছে কি-না তা যাচাই করে কো-অর্ডিনেটর/বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন, অতঃপর পরিচালক/অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

গ) আবেদন পত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রবেশপত্রের ফটোকপিসহ প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব ইনস্টিটিউট/কলেজ সংরক্ষণ করবে। এটি বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে না।

ঘ) যদি কোন পরীক্ষার্থীর আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন হয় (আবেদন ফরম পূরণের পর থেকে পরীক্ষার ফল প্রকাশের পর এক বছর পর্যন্ত) তবে তা সরবরাহ করতে হবে।

৮। **বিবরণী ফরম/পরীক্ষার্থীর ডাটা এন্ট্রির নিয়মাবলী (কলেজের জন্য)ঃ**

ক) সকল পরীক্ষার্থীদের বিবরণী ফরম কম্পিউটার থেকে Download করে জমা দিতে হবে।

খ) কলেজগুলোকে User ID এবং Password বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা হতে সংগ্রহ করতে হবে ।

গ) আবেদন ফরমে পরীক্ষার্থীর অংশ থেকে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড নির্ধারিত ওয়েব সাইট www.nu.ac.bd এর মাধ্যমে এন্ট্রি করতে হবে।

ঘ) **Data Entry অনলাইন Software বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে-www.nu.ac.bd আগামী ১২/০৬/২০২২ তারিখ হতে পাওয়া যাবে।**

৯। **বিবরণী ফরম ও ফি জমাদানের নিয়মাবলী :**

ক) ডাটা এন্ট্রি সম্পন্ন হলে অনলাইনে এন্ট্রিকৃত পরীক্ষার্থীদের বিবরণী ও ফি বিবরণী প্রিন্ট করতে হবে। ডাটা এন্ট্রি করার পর কলেজ কর্তৃপক্ষের স্বাক্ষরিত কপি সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

খ) পরীক্ষার্থীদের ফি পূর্বেরমত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ডিডি করার পরিবর্তে "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে। নির্ধারিত জমা ফরম যা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd থেকে Pay Slip ডাউনলোড করে "সোনালী সেবা" এর মাধ্যমে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।

Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংশ লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকে যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

Pay Slip সংগ্রহেরে জন্য ২৯/০৬/২০২২ তারিখ সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত Link Active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে Pay Slip Download করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংক-এ প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

সোনালী সেবা সংক্রান্ত প্রয়োজনে ০১৭৮৬৭০৬৫১১১ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

১০। **পরীক্ষা পরিচালনাঃ**

সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ২৫% দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করবে। অবশিষ্ট ৭৫% অর্থ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) ব্যয় নির্বাহ করতে হবে।

১১। **সর্বশেষ অধিভুক্তি নবায়নের কপি জমা দিতে হবে।**

১২। **প্রবেশপত্র বিতরনের তারিখ ও পরীক্ষার সময়সূচী যথাসময়ে ঘোষনা করা হবে এবং পরীক্ষার্থীদের রোল বিবরণী প্রবেশপত্র বিতরনের ৩/৪ দিন পূর্বে নির্ধারিত ওয়েব সাইট www.nu.ac.bd এ দেয়া হবে। রোল বিবরণীতে কোন প্রকার ভুলত্রুটি হলে প্রবেশপত্র বিতরনের পূর্বেই জানাতে হবে। উক্ত পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে ০১৭৩০৭৯৫৮৯০ নম্বরে যোগাযোগ করা যাবে।**

পরীক্ষার সময়সূচী ও অন্যান্য যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে জানা যাবে।

০৮/০৬/২২

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোনঃ ০২-৯৯৬৬৯১৫১৭, E-mail- controller@nu.ac.bd

স্মারক নং-(০-৫) জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/মিউজিক/২০১৮/১১৬/ ৪২০৬

তারিখ : ০৮/ ০৬/২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। ডীন, স্নাতকোত্তর শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। পরিচালক ,অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় , গাজীপুর।
৩। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৪। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৬। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর।
৭। অধ্যক্ষ ....
৮। অফিস নথি।

০৮/০৬/২২

(অসিত কুমার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন নং ৯৯৬৬৯১৫৬৩